



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৮.০৪.২০১৮

বরিশাল বিশ্ববিদ্যালয়ে স্মার্ট আইডি কার্ড সিস্টেম কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদেরকে তাদের কর্মক্ষেত্রে ব্যবহারের জন্য প্রদেও স্মার্ট আইডি কার্ড সিস্টেম কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। অদ্য ১৮ এপ্রিল অপরাহ্নে বিশ্ববিদ্যালয়ের আইটি দপ্তরে উপাচার্য মহোদয় তাঁর নিজের ছবি তুলে এবং ইলেকট্রিক স্বাক্ষর প্রদানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সকলকে প্রদানের জন্য এ স্মার্ট কার্ড সিস্টেম কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। একই সময়ে ট্রেজারার অধ্যাপক ড.এ.কে.এম মাহবুব হাসান তাঁর ছবি এবং স্বাক্ষর আইটি দপ্তরে প্রদান করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে সিএসই বিভাগের চেয়ারম্যান এবং আইটি শাখার পরিচালক রাহাত হোসাইন ফয়সাল, শিক্ষক সমিতির সভাপতি এবং শেরে বাংলা হলের প্রভোস্ট মোঃ ইব্রাহীম মোল্লা, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলামসহ বিভিন্ন বিভাগের শিক্ষকমন্ডলী এবং আইটি দপ্তরের কর্মকর্তরা উপস্থিত ছিলেন। পর্যায়ক্রমে দ্রুততার সাথে এই স্মার্ট আইডি কার্ড বিশ্ববিদ্যালয়ের সকলকে প্রদান করা হবে। উল্লেখ্য বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইতোপূর্বে যে ডিজিটাইজেশনের প্রক্রিয়া চালু হয়েছিলো তারই ধারাবাহিকতার অংশ এই স্মার্ট আইডি কার্ড সিস্টেম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস